গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
www.police.gov.bd

স্মারক নং- ৪৪.০১.০০০০.০০৯.০৪.০০১.১৯- ১২৮

তারিখঃ-- ১০ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ। / ২৩ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি.।

## নিয়োগ বিজ্ঞপ্তি

পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকার নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরনের নিমিত্ত নিয়োল্লিখিত জেলা ব্যতিত বাংলাদেশের অন্যান্য সকল জেলার স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ-

| ক্রঃ নং | পদের নাম, বেতন স্কেল ও পদের সংখ্যা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|
| ১. | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>বেতন স্কেলঃ ১০২০০-২৪৬৮০/-<br>পদের সংখ্যা-২ (দুই) টি | (১) সাধারণ কোটার প্রার্থীদের বয়স ১৮ হতে ৩০ বছর।<br>(২) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩২ বছর। তবে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩০ বছর।<br>(৩) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০(চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যুন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(২) সাঁটলিপি লিখনে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজীতে-৭০ ও বাংলায়-৪৫ শব্দ হতে হবে।<br>(৩) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing/Data Entry ও Typing এর সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৩০ ও বাংলায়-২৫ শব্দ হতে হবে। | মানিকগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, শেরপুর, খাগড়াছড়ি, কুমিল্লা, ফেণী, রাজশাহী, পাবনা, কুড়িগ্রাম, গাইবান্ধা, খুলনা, বাগেরহাট, নড়াইল, চুয়াডাঙ্গা, বরিশাল, বরগুনা, পটুয়াখালী।<br><br>**তবে সকল জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |
| ২. | পরিসংখ্যান সহকারী<br>গ্রেড-১৪<br>বেতন স্কেলঃ ১০২০০-২৪৬৮০/-<br>পদের সংখ্যা-০১ (এক) টি | (১) সাধারণ কোটার প্রার্থীদের বয়স ১৮ হতে ৩০ বছর।<br>(২) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩২ বছর। তবে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩০ বছর। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বিষয়সহ স্নাতক ডিগ্রী। | |
| ৩. | অফিস সহকারী- কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/-<br>পদের সংখ্যা-১৯ (উনিশ) টি | (১) সাধারণ কোটার প্রার্থীদের বয়স ১৮ হতে ৩০ বছর।<br>(২) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩২ বছর। তবে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩০ বছর।<br>(৩) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০(চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। | (১) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(২) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing/Data Entry ও Typing এর সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে-২০ ও বাংলায়-২০ শব্দ হতে হবে। | |

**শর্তাবলীঃ-**

১. আবেদনকারীর বয়স ০১-০২-২০২০ খ্রি. তারিখে ১৮ থেকে অনুর্ধ্ব ৩০ বছরের মধ্যে হতে হবে এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স অনুর্ধ্ব ৩২ বছর। উক্ত তারিখে সাধারণ প্রার্থীর ও মুক্তিযোদ্ধার পুত্র কন্যাদের পুত্র কন্যা প্রার্থীদের বয়স সর্বোচ্চ ৩০ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২. নিয়োগের ক্ষেত্রে সরকার নির্দেশিত কোটা ( জেলা, মুক্তিযোদ্ধা, এতিম, শারীরিক প্রতিবন্ধী, মহিলা, আনসার-ভিডিপি, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) অনুসরণ করা হবে।

৩. বাছাইকৃত প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন । লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানানো হবে।

৪. মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল সনদের ( যেমন-শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র/ভোটার আইডি কার্ড প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, মুক্তিযোদ্ধা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা, শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার-ভিডিপি, বিশেষ যোগ্যতা ইত্যাদির সনদ সরকারি নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত) মূল কপি দেখাতে হবে এবং সকল সনদের ১ (এক) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা, এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে। এতিমের ক্ষেত্রে সমাজ কল্যাণ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।

৫. জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণের সনদ হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/সিটি কর্পোরেশন প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

৬. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার ভাতাদি প্রদান করা হবে না।

৭. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করতে পারবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮. বাংলাদেশ পুলিশের ওয়েবসাইটে (www.police.gov.bd) এ বিজ্ঞপ্তি দেখা যাবে।

৯. **Online-এ আবেদনপত্র পুরণ সংক্রান্ত নির্দেশাবলি:**

(ক) আগ্রহী প্রার্থীগণ http://phqcr.teletalk.com.bdএ ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পুরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৫-০২- ২০২০ খ্রি. সকাল ১০:০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৪-০৩-২০২০ খ্রি. বিকাল ৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষর সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Online এ পূরণকৃত আবেদনপত্রে প্রদত্ত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বে প্রদত্ত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **<u>SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:</u>** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে। উক্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে নিম্নোক্তভাবে ২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১-৩ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ১১২/- (একশত বারো) টাকা [পরীক্ষার ফি ১০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/- টাকা] অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

**প্রথম SMS : PHQCR<space> User ID লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে।**

Example: PHQCR ABCDEF

Reply: Applicant's Name, Tk.১১২/৫৬ will be charged as application fee,Your PIN is xxxxxxxxxx. To pay fee Type XXXXX<Space>YES<Space>PIN and send to ১৬২২২।

**দ্বিতীয় SMS: PHQCR<Space>YES<Space>PIN লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে।**

Example: PHQCR YES ১২৩৪৫৬৭৮৯

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for Bangladesh Police Headquarter recruitment Recruitment Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

**<u>বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পুরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।</u>**

চ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী কর্তৃক এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

ছ) প্রবেশপত্র সংগ্রহের নোটিশ <u>http://phqcr.teletalk.com.bd</u> এ পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত SMS যোগ্য প্রার্থীদের মোবাইল ফোন নম্বরে প্রেরণ করা হবে।

জ) Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ করা হবে বিধায় উক্ত মোবাইল ফোন নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ঝ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবংPasswordপুনরুদ্ধার করতে পারবেন:

(i) User ID জানা থাকলে: PHQCR<Space>HELP<Space>USER<Space>User ID লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে। Example: PHQCRHELP USER ABCDEF

(ii) PIN জানা থাকলে: PHQCR<Space>HELP<Space>PIN<Space>PIN No. লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে। Example: PHQCR HELP PIN ১২৩৪৫৬৭৮৯

ঞ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নাম্বার থেকে ১২১ নাম্বারে অথবা যে কোন অপারেটরের ফোন থেকে ০১৫০০১২১১২১ নম্বরে কল করুন। এছাড়া <u>vas.query@teletalk.com.bd</u> এবং xxxxx প্রতিষ্ঠানের ইমেইলে এ যোগাযোগ করা যাবে।
(Mail এর subject এ Organization Name "XXXXX", Post Name: ***** , Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

১০। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ মিলন মাহমুদ, বিপিএম)
বিপি নং-৭৭০৫১০২৪৬৫
এআইজি (প্রশাসন)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি